দৈনিক বাংলা

তারিখ 03 AUG 1995
পৃষ্ঠা ১ কলাম ৮

৪৭

# ফলাফলে ভুল থাকলে ৩০ দিনের মধ্যে জানান ঃ বোর্ড

যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ১৯৯৫ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে।

(৮-এরপৃঃ৬-এরকঃদ্রঃ)

## ফলাফলে ভুল থাকলে

(প্রথম পৃষ্ঠার পর)

প্রকাশিত ফলাফলে ভবিষ্যতে কোন প্রকার অসঙ্গতি অথবা অনভিপ্রেত ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন, সংশোধন অথবা সম্পূর্ণ বাতিল ঘোষণার পূর্ণ ক্ষমতা অত্র বোর্ড কর্তৃপক্ষের সংরক্ষিত রয়েছে।

উল্লেখ্য, প্রকাশিত ফলাফলে কোন প্রকার ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা অবশ্যই ফলাফল প্রকাশের দিন হতে পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রক, যশোর শিক্ষা বোর্ডকে লিখিতভাবে অবহিত করতে হবে। অন্যথায় এ ব্যাপারে কর্তৃপক্ষের কোন দায়দায়িত্ব থাকবে না। খবর তথ্য বিবরণীর।